

বিষয়: বাংলাদেশ বিষয়াবলি

বিষয় কোড: ০০৫

পূর্ণমান: ২০০

নির্ধারিত সময়: ৪ ঘণ্টা

[দ্রষ্টব্য: প্রশ্নের মান প্রত্যেক প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে।]

- ০১। ক) বাংলাদেশের মুক্তিযুদ্ধকালে গঠিত 'মুজিবনগর সরকার'- এর পরিচয় দিন। ৫
- খ) মুক্তিযুদ্ধ পরিচালনায় মুক্তিযুদ্ধকালীন বাংলাদেশ সরকারের অবদান বিশ্লেষণ করুন। ১০
- গ) বাংলাদেশের মুক্তিযুদ্ধকালীন সরকারকে কি প্রবাসী সরকার বলা যায়? ৫
- ০২। ক) 'সংবিধানই বাংলাদেশের সর্বোচ্চ আইন'-ব্যাখ্যা করুন। ৫
- খ) সংবিধান সংশোধনের প্রক্রিয়া সংশ্লিষ্ট অনুচ্ছেদ উল্লেখপূর্বক বর্ণনা করুন। ১০
- গ) সংবিধান অনুসারে হাইকোর্টের একজন বিচারপতিকে অপসারণের প্রক্রিয়া আলোচনা করুন। ৫
- ০৩। ক) বাংলাদেশের সমতল ভূমিতে বসবাসকারী ক্ষুদ্র জাতিসত্তার সংক্ষিপ্ত পরিচয় দিন। ৫
- খ) পার্বত্য চট্টগ্রামের ক্ষুদ্র জাতিসত্তার সাংস্কৃতিক বৈশিষ্ট্যের পরিচয় উপস্থাপন করুন। ১০
- গ) সাঁওতাল অথবা গারো জাতিসত্তার জীবনাচরণ বর্ণনা করুন। ৫
- ০৪। ক) প্রত্নতাত্ত্বিক নিদর্শন বলতে কী বোঝায়? ৫
- খ) উয়ারী-বটেশ্বর-এর পরিচয় দিন। ১০
- গ) 'প্রত্নতাত্ত্বিক নিদর্শন পর্যটক আকর্ষণের গুরুত্বপূর্ণ উপাদান'—ব্যাখ্যা করুন। ৫
- ০৫। ক) 'সুনীল অর্থনীতি' কী? ৫
- খ) সুনীল অর্থনীতি বাংলাদেশের অর্থনীতিতে কীভাবে অবদান রাখতে পারে তা আলোচনা করুন। ১০
- গ) সামুদ্রিক সম্পদ আহরণে বাংলাদেশ সরকারের গৃহীত কার্যক্রম বর্ণনা করুন। ৫
- ০৬। ক) মেগা প্রকল্প কী? ৫
- খ) পদ্মা সেতু প্রকল্প বাস্তবায়নের ফলে বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির ভবিষ্যৎ চিত্র অঙ্কন করুন। ১০
- গ) ঢাকা মেট্রোরেল প্রকল্পের পরিচয় দিন। ৫
- ০৭। ক) কৃষি গবেষণা বলতে কী বোঝায়? ৫
- খ) খাদ্য উৎপাদন বৃদ্ধিতে বাংলাদেশের কৃষি গবেষণা প্রতিষ্ঠানসমূহের অবদান নিরূপণ করুন। ১০
- গ) ইলিশ উৎপাদন বৃদ্ধিতে সরকারের ভূমিকা বর্ণনা করুন। ৫
- ০৮। ক) 'ডেমোগ্রাফিক ডিভিডেন্ড' বলতে কী বোঝায়? ৫
- খ) বাংলাদেশের 'ডেমোগ্রাফিক ডিভিডেন্ড'-কে কাজে লাগাতে হলে করণীয় সম্পর্কে বিস্তারিত ব্যাখ্যা দিন। ১০
- গ) দক্ষতা উন্নয়নে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার গুরুত্ব আলোচনা করুন। ৫
- ০৯। ক) বুদ্ধিবৃত্তিক সম্পদ বলতে কী বোঝায়? ৫
- খ) বুদ্ধিবৃত্তিক সম্পদ প্রধানত কত প্রকার? উদাহরণসহ পরিচয় দিন। ১০
- গ) বুদ্ধিবৃত্তিক সম্পদ ব্যবস্থাপনায় বাংলাদেশ সরকারের ভূমিকা বর্ণনা করুন। ৫
- ১০। টীকা লিখুন (যে-কোনো চারটি) : ৫×৪ = ২০
- ক) ৭ই মার্চের ভাষণ
- খ) বাংলা একাডেমি
- গ) মুক্তিযুদ্ধ জাদুঘর
- ঘ) মঙ্গল শোভাযাত্রা
- ঙ) বাউল সঙ্গীত
- চ) ভিশন ২০৪১